



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours/Programme 1st Semester Examination, 2022-23

BNGHGEC01T/BNGGCOR01T-BENGALI (GE1/DSC1)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাণ্ডিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে চারটি প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ৩০০ শব্দে) $10 \times 8 = 80$

একক-১

(ক) বাংলা সাহিত্যের আদিপর্বে বৌদ্ধধর্ম ও সংস্কৃতিচর্চা কীভাবে প্রভাব বিস্তার করেছিল, তার পরিচয় দাও। 10

অথবা

(খ) চর্যাপদ কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? বাংলা সাহিত্যে চর্যাপদের গুরুত্ব আলোচনা করো। $3+9$

একক-২

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আবিষ্কার ও নামকরণ সম্পর্কে লেখো। কাব্যটি কার লেখা? কাব্যটিতে কটি খণ্ড ও কী কী? কাব্যটির রচনায় কবির দক্ষতার পরিচয় দাও। $2+1+1+6$

অথবা

(ঘ) 'চণ্ডীমঙ্গল' কাব্যে আর্য-অনার্য সংস্কৃতির সমন্বয় ঘটেছে – তা আলোচনা করো। 10

একক-৩

(ঙ) চণ্ডীদাসের কবি পরিচয় দিয়ে বৈষ্ণব পদাবলী সাহিত্যে তাঁর অবদান আলোচনা করো। 10

অথবা

(চ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে কবি জ্ঞানদাস-এর অবদান আলোচনা করো। 10

একক-৪

(ছ) বাংলা সাহিত্যের কোন কালপর্বকে 'অবক্ষয় পর্ব' বলে অভিহিত করা হয় এবং কেন তা আলোচনা করো। 10

অথবা

(জ) পাঁচালি কী? বাংলা ভাষার চারজন পাঁচালিকারের নাম লেখো। পাঁচালি রচনায় যে-কোনো একজন পাঁচালিকারের ভূমিকা নিরূপণ করো। $1+2+9$

২। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করোঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) $5 \times 2 = 10$

(ক) সন্ধ্যাভাষা 5

(খ) রাঢ়ের জাতীয় মহাকাব্য 5

(গ) একটি অভিসার পর্যায়ের পদ অবলম্বনে বিদ্যাপতির কৃতিত্ব আলোচনা করো। 5

(ঘ) আখড়াই গান। 5

—x—